

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পোরশা, নওগাঁ
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৪৭৯.০০০.২৫.০০১.২৩.১

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯

১২ মার্চ ২০২৩

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: শেখ রাসেল ডিজিটাল ল্যাবস্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি অধিদপ্তরের স্বারক

নং-৫৬.০৪.০০০০.০০১.২৫.০০১.২৩.৩০০; তারিখঃ ১১/০৩/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১ টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। ল্যাব সমূহের পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিনব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ থেকে ০১ (এক) জন অপেক্ষমান সহ মোট ০৫ (পাঁচ) জন শিক্ষকের তথ্য প্রয়োজন।

এমতাবস্থায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনকৃত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংযুক্ত ছক মোতাবেক মোট ০৫ (পাঁচ) জন শিক্ষকের তথ্য (০১ (এক) জন শিক্ষক কে অপেক্ষমান রেখে) আগামী ১৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ইমেইলে (bhagyobandhu.roy@doict.gov.bd) ডাক ও পিডিএফ ফরম্যাট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



১২-৩-২০২৩

ভাগ্যবন্ধু রায়

সহকারী প্রোগ্রামার

ফোন: ০১৯১৩-৯৯৪০৮৫

ইমেইল:

bhagyobandhu.roy@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত সকল শিক্ষা

প্রতিষ্ঠান, পোরশা, নওগাঁ।

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৪৭৯.০০০.২৫.০০১.২৩.১/১(৪)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯

১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পোরশা, নওগাঁ

২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, পোরশা, নওগাঁ

৪) অফিস কপি



১২-৩-২০২৩

ভাগ্যবন্ধু রায়

সহকারী প্রোগ্রামার